

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ২, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১০ ফাল্গুন ১৪৩২/২৩ ফেব্রুয়ারি ২০২৬

নং ০৩.০০.০০০০.০০০.০৭৭.০১৮.০০১.২৬.০৯—সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে মসজিদের ইমাম, মুয়াজ্জিন, খাদেম ও অন্যান্য উপাসনালয়ে কর্মরত ব্যক্তিবর্গের জন্য সম্মানি ও প্রশিক্ষণভিত্তিক কল্যাণ ব্যবস্থা চালুর বিষয়ে নিম্নোক্তভাবে একটি সেল গঠন করা হলো :

(ক) সেলের গঠন :

- | | | |
|--|---|------------|
| (১) মাননীয় উপদেষ্টা মোঃ ইসমাইল জবিউল্লাহ | : | সভাপতি |
| (২) প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | : | সদস্য |
| (৩) প্রতিমন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | : | সদস্য |
| (৪) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | : | সদস্য |
| (৫) সচিব, স্থানীয় সরকার বিভাগ | : | সদস্য |
| (৬) সচিব, অর্থ বিভাগ | : | সদস্য |
| (৭) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | : | সদস্য |
| (৮) সচিব, ধর্ম মন্ত্রণালয় | : | সদস্য-সচিব |

(খ) সেলের কার্যপরিধি :

- (১) মসজিদের ইমাম, মুয়াজ্জিন, খাদেম ও অন্যান্য উপাসনালয়ে কর্মরত ব্যক্তিবর্গের জন্য যথোপযুক্ত মাসিক সম্মানি প্রদানের লক্ষ্যে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন;
- (২) উপকারভোগী নির্বাচনের মানদণ্ড নির্ধারণ;

(১৩৪৪৩)

মূল্য : টাকা ৪.০০

- (৩) ভাতা বিতরণ কার্যক্রমের সমন্বয় সাধন;
 - (৪) উক্ত সেল আসন্ন ঈদ-উল ফিতর-২০২৬ এর পূর্বে সীমিত পরিসরে মাসিক ভাতা চালুর বিষয়ে কর্মপরিকল্পনাসহ প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবে;
 - (৫) উক্ত সেল প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।
- ২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সায়মা আক্তার
পরিচালক-১০।